

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 18-10-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Adi Karmayogi Abhiyan-President :**

রাষ্ট্রপতি দ্বোপদী মুর্মু বলেছেন, প্রতিটি জনজাতি গ্রামকে স্বনির্ভর করে তোলার লক্ষ্যে আদি কর্মযোগী অভিযান চালু করা হয়েছে। গতকাল নতুন দিল্লিতে 'আদি কর্মযোগী অভিযান' "শীর্ষক জাতীয় সম্মেলনে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন, এই অভিযানের মাধ্যমে জনজাতি সম্প্রদায়গুলি যাতে জাতীয় উন্নয়নের যাত্রায় অংশ নেয় এবং উন্নয়নের সুবিধা জনজাতি অঞ্চলে পৌঁছে যায় তা নিশ্চিত করতে হবে। উল্লেখ্য প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান প্রকল্পে দেশের সেরা পারফর্মিং জেলা হিসেবে নির্বাচিত হয়েছে উত্তর প্রিপুরা। এই স্বীকৃতির জন্য রাষ্ট্রপতির হাত থেকে সম্মাননা গ্রহণ করেন জেলাশাসক চাঁদনী চন্দ্রন।

\* \* \* \* \*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত বর্তমানে দ্রুত বিকাশশীল অর্থনৈতির দেশ এবং এখন থেমে যাওয়ার কোনো চিন্তাভাবনাই নেই। এমনকি, বিরতি নেওয়া বা ধীরে চলার কথাও দেশ ভাবছে না। গতকাল একটি বেসরকারী সংবাদসংস্থা আয়োজিত এক সম্মেলনে শ্রী মোদী বলেন, ১৪০ কোটি ভারতবাসী একত্রে পূর্ণ শক্তি নিয়ে এগিয়ে চলেছে। ৫টি দূর্বল দেশের তালিকা থেকে ভারত এখন বিশ্বের শীর্ষ ৫টি অর্থনৈতিকভাবে সমৃদ্ধ দেশের মধ্যে উঠে এসেছে। প্রধানমন্ত্রী বলেন, সমগ্র বিশ্ব ভারতকে বিশ্বস্ত, দায়িত্বশীল এবং এক প্রাণবন্ত অংশীদার হিসেবে দেখছে। শ্রী মোদী সকলকে দীপাবলীর শুভেচ্ছাও জানান।

\* \* \* \* \*

**PM Gati Shakti :**

পিএম গতি শক্তির অধীনে নেটওয়ার্ক পরিকল্পনা গোষ্ঠীর শততম বৈঠকে গতকাল দেশের সড়ক, পরিবহন ও মহাসড়ক ক্ষেত্রে পরিকাঠামো প্রকল্পগুলি পর্যালোচনা করা হয়। পিএম গতি শক্তি জাতীয় মাস্টার প্ল্যানের সঙ্গে সাযুজ রেখে মাল্টি মোডাল যোগাযোগ ও পরিবহন দক্ষতা বাড়িয়ে তোলার ওপর বিশেষ নজর দেওয়া হয়। বৈঠকে দুটি রেল, দুটি মহাসড়ক এবং একটি মেট্রো রেল-এই পাঁচটি প্রকল্পের আর্থ সামাজিক লাভগুলি মূল্যায়ন করা হয়েছে।

\*\*\*\*\*

### **CM-Bihar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বিহারে নির্বাচনী প্রচারে যোগ দেবেন। তাঁর সঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী নিত্যানন্দ রায় এবং সাংসদ সঞ্চয় জয়সওয়াল থাকবেন। বিজেপি সূত্রে জানা গেছে নির্বাচনকে সামনে রেখে প্রথম সভা অনুষ্ঠিত হবে পাটনার রামনগরে। এরপর মুখ্যমন্ত্রী নরকটিয়াগঞ্জে জনসভায় অংশগ্রহণ করবেন।

\*\*\*\*\*

### **Mou Signed Between Govt and SBI :**

রাজ্যসরকার এবং স্টেট ব্যক্ত অব ইন্ডিয়ার মধ্যে গতকাল এক মউ স্বাক্ষরিত হয়েছে। সচিবালয়ে আয়োজিত অনুষ্ঠানে রাজ্য সরকারের পক্ষে অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায় এবং এসবিআই'র পক্ষে ডিজিএম অজিত কুমার পোদ্দার মউ-এ স্বাক্ষর করেন। সাক্ষরিত মউ-এ রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের কর্মচারিদের স্যালারি প্যাকেজে, হেলথ ইনসুরেন্স, পার্সোনাল অ্যাক্সিডেন্টাল ইনসুরেন্স, এয়ার এক্সিডেন্টাল ইনসুরেন্স, হোম লোন, কার লোন ইত্যাদি ক্ষেত্রে বিভিন্ন সুযোগ-সুবিধাসমূহ রয়েছে।

\*\*\*\*\*

### **Diwali Preparation :**

উদয়পুরের মাতাবাড়িতে ত্রিপুরা সুন্দরী মন্দির প্রাঙ্গনে উত্তর-পূর্ব ভারতের অন্যতম প্রতিহ্যবাহী দীপাবলি উৎসব আগামী সোমবার থেকে শুরু হচ্ছে। ত্রিনিল সন্ধ্যায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ধন্যমানিক্য মুক্ত মঞ্চে তিনিদিনব্যাপী দীপাবলি উৎসবের সূচনা করবেন। এবারের দীপাবলির বিশেষ আকর্ষণ বারানসীর ধাঁচে মেলার তিনিদিন সন্ধ্যায় কল্যাণ সাগরে আরতি হবে। মেলার তিনিদিন বিশেষ ট্রেন চলাচল করবে।

\*\*\*\*\*

### **BSNL Launches 1 Rupee Diwali 4G Plan :**

বি.এস.এন.এল সারা দেশে নতুন গ্রাহকদের জন্য উৎসবের অফার হিসাবে এক টাকার দিওয়ালি 4G প্ল্যান চালু করেছে। এই প্ল্যানটি, আগামী মাসের ১৫ তারিখ পর্যন্ত প্রযোজ্য। সীমাহীন কল, প্রতিদিন দুই জিবি ডেটা এবং প্রতিদিন ১০০টি এসএমএস সহ ৩০ দিনের বিনামূল্যে মোবাইল পরিষেবা সরবরাহ করছে। বি.এস.এন.এল-র চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর, এ রবাট জে রবি বলেন এক টাকায় দিওয়ালি বোনাঙ্গা পরিকল্পনা মানুষকে অত্যাধুনিক, মেক-ইন-ইন্ডিয়া 4G নেটওয়ার্ক পরিষেবা দিচ্ছে। এই প্ল্যান ছাড়াও, বিএসএনএল এই উৎসব উপলক্ষে বিভিন্ন গ্রাহক বিভাগের জন্য আরও পাঁচটি প্ল্যান চালু করেছে।

\*\*\*\*\*

### **Vinu Mankar Cricket :**

ভিনু মানকর ট্রফি অনুষ্ঠি ১৯ বছরের ক্রিকেটের ফ্রপ্রের পঞ্চম তথা শেষ খেলায়ও ত্রিপুরা বড় ব্যবধানে পরাজিত হয়েছে। দেরাদুনের আয়ুষ ক্রিকেট একাডেমির মাঠে অনুষ্ঠিত খেলায় চান্দিগড় ৫ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। ফলে আসরে ফ্রপ্রের পাঁচ ম্যাচের সবকটিতে রাজ্যদল পরাজিত হয়ে আসর থেকে বিদায় নিয়েছে।

\*\*\*\*\*

### **Women Cricket :**

গোয়ালিয়রে মেয়েদের জাতীয় সিনিয়র টি-২০ ক্রিকেটের ষষ্ঠ ম্যাচেও ত্রিপুরা প্রাইজিত হয়েছে। মাধবরাও সিঞ্চিয়া স্টেডিয়ামে গতরাতে এলিট পুল ফ্রপের খেলায় উত্তীর্ণ ন উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়।

\* \* \* \* \*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘলা থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস।

\* \* \* \* \*